



বিষয়: “গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খলিল আহমদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
সভার সময় ও তারিখ : ২১.০৬.২০২৩ খ্রিস্টাব্দ, সকাল ১০.২০ ঘটিকা।
সভার স্থান : অনলাইন/সভাকক্ষ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

২.০ উপস্থাপনা:

সভাপতি সভায় উপস্থিত এবং জুম প্ল্যাটফর্মে অনলাইনে সংযুক্ত বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তর সংস্থার কর্মকর্তাদের স্বাগত জানান। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) উল্লেখ করেন যে, গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক “গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পটি মোট ৫২৪২৫.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মে ২০২১ থেকে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৪ মে ২০২১ তারিখ অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং গত ২৯.০৮.২০২১ তারিখ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৯০৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। যার মধ্যে অবমুক্ত করা হয়েছে ৭৬৮৭.৫০ লক্ষ টাকা। মে ২০২৩ মাস পর্যন্ত ব্যয় করা হয়েছে ৫৮৪৬.১২ লক্ষ টাকা। এছাড়াও উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন আগামী ০২ জুলাই ২০২৩ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় শুব উদ্বোধন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সম্মতি জ্ঞাপন করেছেন।

৩.০ আলোচনা:

৩.১ আলোচনার শুরুতে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি প্রকল্পের ভৌত অগ্রগতি সভাকে অবহিত করেন। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর প্রকল্পের আরএডিপি বরাদ্দ, অবমুক্তি, ব্যয়, ক্রমপঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি সভাকে অবহিত করেন।

৩.২ মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর সভাকে আরোও জানান যে, প্রকল্পের বই এবং ই-বুক ক্রয়ের জন্য ২৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ভবন নির্মাণ না করে বই ক্রয় করে রাখার মতো স্থান নেই; তবে ই-বুক ক্রয় করা হলে, পাঠকগন অনলাইনে সেবা গ্রহন করতে পারবে। ই-বুক ক্রয় প্রক্রিয়ায় অনেক জটিলতা আছে। সেজন্য প্রথম পর্যায়ে কত প্রকার ই-বুক ক্রয় করা যায়, এ বিষয়ে সভার মতামত জানতে চাওয়া হয়।

(পূর্ববর্তী পৃষ্ঠা হতে)

৩.৩ সভাপতি এ পর্যায়ে সভায় উপস্থিত এবং অনলাইনে যুক্ত কর্মকর্তাদের মতামত জানতে চান। প্রথম পর্যায়ে আনুমানিক ৫ (পাঁচ) কোটি টাকার ই-বুক ক্রয়সহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান করা হয়। সকলের মতামত পর্যালোচনা করে সভাপতি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন-লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ৪.১ প্রকল্পের আওতায় বই ও ই-বুক ক্রয়ের জন্য সংস্থানকৃত অর্থ হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক আগামী অর্থ বছরে ৫ (পাঁচ) কোটি টাকার ই-বুক ক্রয় করা যেতে পারে;
- ৪.২ নির্মাণ কাজের যথাযথ গুনগত মান বজায় রাখতে গণপূর্ত বিভাগ এবং পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের নির্মাণ কার্যক্রম সার্বক্ষণিকভাবে মনিটরিং করবে; এবং
- ৪.৩ আগামী অর্থবছরের ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা যথাযথ ছকে জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



খালিল আহমদ

সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়